জেলা পরিষদ কার্যালয়
বরগুনা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জেপবর/সংস্থাপন(খেয়াঘাট)/৫৯-২০১৯/ ৪৮ তারিখঃ ০৫/০২/২০১৯খ্রিঃ

**দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০১৮-২০১৯**

**বাংলা ১৪২৬ সনের জন্য খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি(১ম বার)**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জেলা পরিষদের আওতাধীন বিভিন্ন উপজেলার অন্তর্গত নিম্নবর্ণিত ১৭টি খেয়াঘাট (১৪টি প্রথম শ্রেনী ও ০৩টি তৃতীয় শ্রেনী) ১৪২৬ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী পাটনীদের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ বরগুনা জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কার্যালয় হতে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যলয়, বরগুনা সদর, আমতলী, পাথরঘাটা, বেতাগী, বামনা ও তালতলী হতে খেয়াঘাটের তালিকার বিপরীতে বর্ণিত নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) নিম্নবর্ণিত তফসীল মোতাবেক দরপত্র ফরম ক্রয় ও জমা করা যাবে। ইজারার তফসীল বিবরণ নিম্নরুপঃ

**প্রথম শ্রেনীর খেয়াঘাটের তালিকা ঃ**

| ক্রঃ নং | খেয়াঘাটের নাম | উপজেলার নাম | সিডিউলের মূল্য | ক্রঃ নং | খেয়াঘাটের নাম | উপজেলার নাম | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পুরাকাটা-আমতলী | বরগুনা সদর-আমতলী | ১০০০.০০ | ০৮ | নিশানবাড়ীয়া-পাথরঘাটা | বরগুনা সদর-পাথরঘাটা | ১০০০.০০ |
| ০২ | গোলবুনিয়া-পচাঁকোড়ালিয়া | ঐ | ১০০০.০০ | ০৯ | কালমেঘা-বান্দরগাছিয়া | ঐ | ৫০০.০০ |
| ০৩ | চালিতাতলী-বগী | ঐ | ১০০০.০০ | ১০ | কাকচিড়া-গুলিশাখালী | বরগুনা সদর-পাথরঘাটা | ৫০০.০০ |
| ০৪ | আয়লা-গুলিশাখালী | ঐ | ৩০০.০০ | ১১ | বড়ইতলা-বাইনচটকী | বরগুনা সদর-পাথরঘাটা | ১০০০.০০ |
| ০৫ | লবনগোলা-বালিয়াতলী | বরগুনা সদর-তালতলী | ৩০০.০০ | ১২ | ফুলঝুড়ী-রামনা স্লুইজ | বরগুনা সদর-বামনা | ১০০০.০০ |
| ০৬ | তালতলী-বালিয়াতলী | ঐ | ৭০০.০০ | ১৩ | বামনা-বদনীখালী | বেতাগী-বামনা | ১০০০.০০ |
| ০৭ | লতাকাটা বাইনসমর্থ-নকরী | ঐ | ৭০০.০০ | ১৪ | অযোদ্ধা-দক্ষিন কালিকাবাড়ী | ঐ | ৫০০.০০ |

**তৃতীয় শ্রেনীর খেয়াঘাটের তালিকা ঃ**

| ক্রঃ নং | খেয়াঘাটের নাম | উপজেলার নাম | সিডিউলের মূল্য | ক্রঃ নং | খেয়াঘাটের নাম | উপজেলার নাম | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পোটকাখালী-ফুলঝুড়ী সড়ক | বরগুনা সদর | ৫০০.০০ | ০৩ | ঢলুয়া স্লুইজ খেয়াঘাট | বরগুনা সদর | ২০০.০০ |
| ০২ | পোট্কাখালী বাজার-কুমড়াখালী | বরগুনা সদর | ৩০০.০০ | | | | |

**দরপত্র ক্রয় ও দাখিলের ক্যালেন্ডার**

| ডাক সমূহ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় (সকল কার্যালয়ে অফিস চলাকালীণ) | দরপত্র জমা দেওয়ার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র খাম খোলার তারিখ ও সময় (জেলা পরিষদ কার্যালয়ে) | দরপত্রের সাথে যে পরিমান বায়না জমা দিতে হবে |
|---|---|---|---|---|---|
| ১ম বার | ০৭/০২/২০১৯খ্রিঃ হতে ২৬/০২/২০১৯ খ্রিঃ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত | ২৭/০২/২০১৯খ্রিঃ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ২৭/০২/২০১৯খ্রিঃ বেলা ১-১৫ ঘটিকা | ২৭/০২/২০১৯খ্রিঃ বেলা ৪-৩০ ঘটিকা | ১০০% |
| ২য় বার | ০৩/০৩/২০১৯খ্রিঃ হতে ১৯/০৩/২০১৯ খ্রিঃ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত | ২০/০৩/২০১৯খ্রিঃ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ২০/০৩/২০১৯খ্রিঃ বেলা ১-১৫ ঘটিকা | ২০/০৩/২০১৯খ্রিঃ বেলা ৪-৩০ ঘটিকা | ১০০% |
| ৩য় বার | ২১/০৩/২০১৯খ্রিঃ হতে ২৭/০৩/২০১৯ খ্রিঃ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত | ২৮/০৩/২০১৯খ্রিঃ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ২৮/০৩/২০১৯খ্রিঃ বেলা ১-১৫ ঘটিকা | ২৮/০৩/২০১৯খ্রিঃ বেলা ৪-৩০ ঘটিকা | ১০০% |
| ৪র্থ বার | ৩১/০৩/২০১৯খ্রিঃ হতে ১০/০৪/২০১৯ খ্রিঃ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত | ১১/০৪/২০১৯খ্রিঃ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ১১/০৪/২০১৯খ্রিঃ বেলা ১-১৫ ঘটিকা | ১১/০৪/২০১৯খ্রিঃ বেলা ৪-৩০ ঘটিকা | ১০০% |

**ঃ শর্তাবলী ঃ**

০১। একটি খেয়াঘাটের জন্য একটি খামে দরপত্র সীলগালা করে জমা দিতে হবে এবং খামের উপর খেয়াঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ১০০% (শতভাগ) অর্থ জামানত হিসেবে এবং দাখিলকৃত দরের উপর ১৫% অর্থ ভ্যাট ও ৫% অর্থ আয়কর হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা এর অনুকুলে পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। সর্বোচ্চ দরদাতাকে (যার দর গৃহীত হবে) অবহিত করার ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জেলা পরিষদের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে ব্যর্থ হলে তার ইজারা বাতিল করে দাখিলকৃত বায়না বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট খেয়াঘাট পুনঃ ইজারা প্রদান করা হবে ।

০৪। সংশ্লিষ্ট খেয়াঘাট ইজারার চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্ব পর্যন্ত প্রাপ্ত সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

০৫। দরপত্র দাতাকে দরপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র ও ০১ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি দাখিল করতে হবে।

০৬। দরপত্রে ইজারার দর অংকে ও কথায় স্পষ্ট ভাষায় লিখতে হবে। ইজারার দর কাটাকাটি হলে গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। ইজাদারকে সর্বশেষ অনুমোদিত টোলরেট অনুযায়ী টোল আদায় করতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে টোলরেট সাইন বোর্ড আকারে টানাতে হবে। খেয়াঘাটে অনুমোদিত টোলরেটের চেয়ে অতিরিক্ত কোন টোল আদায় করা যাবে না। খেয়াঘাটে অতিরিক্ত টোল আদায় প্রমানিত হলে ইজারাদারকে সরাসরি দায়ী করা হবে এবং জেলা পরিষদ ইজারা নীতিমালা **Taxation Rules-1960** এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ইজারা বাতিলের ব্যবস্থা করা হবে

০৮। কোন কারনে যদি দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণের দিন সরকার কর্তৃক ছুটি ঘোষিত হয়, তা হলে তার পরের দিন অফিস খোলা দিবসে দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণ করা হবে।

০৯। এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খেয়াঘাটের দরপত্র হিসেবে দাখিল করা যাবে না।

১০। ইজারাদারকে খেয়ার নৌকায়/ট্রলারে নিয়মিত জীবন রক্ষাকারী প্রয়োজনীয় সংখ্যক লাইফ জ্যাকেট/বয়া রাখতে হবে।

১১। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫/০২/১৯

( মোঃ শহিদুল আলম )
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, বরগুনা।

০৫/০২/১৯